শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ১১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ ।। ২৭ অক্টোবর ২০২১
সময় : দুপুর ১২.০০টা
স্থান : সভাকক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২

সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট "ক"**

সভার প্রারম্ভে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সভায় মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহতসহ সকল বীর মুক্তিযোদ্ধা, তাদেঁর পরিবারবর্গ এবং পরম আত্মত্যাগকারী মা-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।
মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে বিগত ০৪ অক্টোবর ২০২১ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়।

অতঃপর আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় সুন্দর, সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | তারিখ ও সময় | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | ১৬/১২/২০২১ খ্রি: সূর্যোদয়ের সাথে সাথে | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অফিসসমূহ ও অন্যান্য স্থাপনায় জাতীয় পতাকা উত্তোলন। | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>সচিব<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ |
| | | (খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন। | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>প্রকৌশল বিভাগ<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>ভাণ্ডার ও ক্রয় বিভাগ |
| ২. | ১৫/১২/২০২১ এবং ১৬/১২/২০২১ খ্রি: | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনাসমূহে দৃষ্টিনন্দন আলোকসজ্জা। অন্যান্য প্রতিষ্ঠানসমূহকেও এ বিষয়ে উৎসাহিত করতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) |
| | | (খ) মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সৌন্দর্যবর্ধক পানির ফোয়ারাসমূহ সকাল ও সন্ধ্যায় চালু রাখা। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) |
| ৩. | ১৬/১২/২০২১ খ্রি: | ঢাকা শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ। | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>রাজস্ব বিভাগ<br>বিদ্যুৎ সার্কেল<br>বিউটিফিকেশন সেল |
| ৪. | ১৬/১২/২০২১ খ্রি: | শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/ যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন |

| | | | |
|---|---|---|---|
| | | এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | বিভাগ<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ৫. | ১৬/১২/২০২১ খ্রি: | শিশু পার্কসমূহ শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকেটে প্রদর্শনীর ব্যবস্থা। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ৬. | ১৬/১২/২০২১ খ্রি: | মহান বিজয় দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং গুরুত্বপূর্ণ অতিথিবৃন্দের সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে যাতায়াতের পথ সংস্কার পরিষ্কার-পরিচ্ছন্ন করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। | প্রধান প্রকৌশলী<br>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত বিবিধ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হবে।

সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত নিম্নবর্ণিত উপ-কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১। প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি | - | আহ্বায়ক |
| ২। সচিব, ডিএনসিসি | - | সদস্য |
| ৩। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি | - | সদস্য |
| ৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩, ডিএনসিসি | - | সদস্য |
| ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিএনসিসি | - | সদস্য |
| ৬। আইন কর্মকর্তা, ডিএনসিসি | - | সদস্য |
| ৭। প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য-সচিব |

**বাস্তবায়ন: গঠিত উপকমিটি।**

(খ) মহান বিজয় দিবস-২০২১ উদযাপন বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তে গঠিত

(১) সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ ব্যবস্থাপনা কমিটিতে প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে মনোনয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) নিরাপত্তা, ট্রাফিক ও পুলিশের ব্যবস্থাপনা সংক্রান্ত উপকমিটিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেলকে মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) আমন্ত্রণ ও সংবর্ধনা উপকমিটিতে মহাব্যবস্থাপক (পরিবহন) কে মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১১/২২

**মোঃ সেলিম রেজা**
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২-৪৪৬ তারিখ: ২৯ কার্তিক ১৪২৮ / ১৪ নভেম্বর ২০২১

বিতরণ: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল), ..........................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী....................................................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. জনাব.........................................................................................................।
৯. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০. অফিস কপি।

১০/১১/২০২১

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd